# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১১৭৮ তারিখ ০৭/০৪/২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক দেশের সকল বিভাগীয় শহরে পর্যায়ক্রমে বিনিয়োগ শিক্ষা কনফারেন্স আয়োজনের পরিকল্পনার অংশ হিসাবে সর্বপ্রথম কনফারেন্সটি অদ্য ৭ এপ্রিল ২০১৭ তারিখে খুলনা বিভাগের সিএসএস আভা সেন্টার, ৮২, রূপসা স্ট্র্যান্ড রোড, খুলনা-৯১০০ এ অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন "বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স, ২০১৭" এর শুভ উদ্বোধন করেন।

ড. এম. খায়রুল হোসেন কনফারেন্স উদ্বোধনকালে তাঁর বক্তব্যে অন্যান্য বিষয়াদির মধ্যে বলেন-
........ ...সকল বিনিয়োগকারীকে তাদের বিনিয়োগের বিষয়বস্তু সম্পর্কে অবগত ও শিক্ষিত করাই বিএসইসি'র লক্ষ্য। যতক্ষন পর্যন্ত বিনিয়োগকারীরা আর্থিক বাজার এবং এর বিভিন্ন পণ্যের চরিত্র ও গতিবিধি সম্পর্কে অবগত না হচ্ছেন এবং নিজেদেরকে আর্থিক ক্ষতি থেকে রক্ষা করার উপায় না বুঝতে পারছেন ততক্ষন পর্যন্ত সমাজের সার্বিক উন্নয়ন আশা করা যায় না। তিনি আমাদের দেশের অর্থনীতির উন্নয়ন ও এর স্থিতিশীলতার জন্য এ দেশের মানুষকে বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

বিএসইসি ইতোমধ্যে এ ব্যাপারে কাজ শুরু করেছে এবং বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। যদিও এই কাজে প্রচুর উদ্যোগ ও সংশ্লিষ্টদের সম্পৃক্ততা প্রয়োজন তথাপি বিএসইসি সফলভাবে পরিকল্পনা প্রণয়ন করছে এবং লক্ষ্য অর্জনের দিকে এগিয়ে যাচ্ছে।

দিনব্যাপী অনুষ্ঠিতব্য দুইটি সেশনে বিভক্ত এই কনফারেন্সের প্রথম সেশনটি বিনিয়োগকারীদের জন্য এবং দ্বিতীয় সেশনটি স্থানীয় উদ্যোক্তাদের জন্য অনুষ্ঠিত হয়। মূলতঃ খুলনার স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে ধারণা প্রদান করা এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করার লক্ষ্যে এই কনফারেন্সের আয়োজন করা হয়।

পরবর্তীতে উভয় সেশনে প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। সভার বিভিন্ন সেশনে কমিশনের কমিশনারবৃন্দ অংশগ্রহণ করে বিনিয়োগ শিক্ষার বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করেন। বিনিয়োগকারী এবং উদ্যোক্তারা প্যানেল আলোচকদের সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন উত্থাপন করেন। ফলশ্রুতিতে সেশন দুইটি খুবই অংশগ্রহণমূলক এবং প্রাণবন্ত ছিল।

কনফারেন্স চলাকালে একইস্থানে বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭ অনুষ্ঠিত হয়। ২১টি পুঁজিবাজার সংশ্লিস্ট প্রতিষ্ঠান উক্ত মেলায় সক্রিয় অংশগ্রহণ করে। বিপুল সংখ্যক আগ্রহী ও উৎসুক বিনিয়োগকারী ও উদ্যোক্তাদেরকে কনফারেন্সে অংশগ্রহণের পাশাপাশি মেলায় উপস্থিত হয়ে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে দেখা যায়।

07/04/2017

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম
ও উদ্যোক্তা কনফারেন্স
শিক্ষা মেলা, খুলনা ২০১৭
প্রধান অতিথি:
খায়রুল হোসেন
সমৃদ্ধ আগামী
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

